দেশে অস্থিরতা তৈরিতে লাশ চান শেখ হাসিনা: রিজভী



রুহুল কবির রিজভী। ছবি: সংগৃহীত

দেশে অস্থিতিশীল পরিস্থিতি তৈরিতে শেখ হাসিনা প্রাণহানির পথ বেছে নিয়েছেন বলে অভিযোগ করেছেন বিএনপির ভারপ্রাপ্ত মহাসচিব রুহুল কবির রিজভী। তাঁর দাবি, আন্দোলনের নামে সহিংসতা ছড়িয়ে পরিস্থিতি ঘোলাটে করার চেষ্টা চলছে।

শুক্রবার (২০ নভেম্বর) বিকেলে যশোর জেলা পরিষদ মিলনায়তনে বিএনপির প্রয়াত স্থায়ী কমিটির সদস্য ও সাবেক মন্ত্রী তরিকুল ইসলামের অষ্টম মৃত্যুবার্ষিকীর স্মরণসভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।

রিজভী বলেন, ছাত্র-জনতার অভ্যুত্থানে ক্ষমতাচ্যুত শক্তি পার্শ্ববর্তী দেশ থেকে সহায়তা নিয়ে দেশে অস্থিরতা তৈরির চেষ্টা করছে। পাচার করা অর্থ দিয়ে সন্ত্রাসী কর্মকাণ্ড চালানো হচ্ছে। বিএনপি ও গণতান্ত্রিক আন্দোলনের নেতাকর্মীদের বাড়িঘরে আগুন দেওয়ার ঘটনাও ঘটছে বলে অভিযোগ করেন তিনি।

ডিসেম্বরে শেখ হাসিনার দেশে ফেরার সম্ভাবনা নিয়ে বিভিন্ন গণমাধ্যমে প্রকাশিত খবরের প্রসঙ্গও তোলেন রিজভী। গ্রেপ্তার হওয়া ঢাকা ক্যান্টনমেন্ট থানার ওসির মোবাইল ফোনে এ-সংক্রান্ত বার্তা পাওয়া গেছে বলে দাবি করেন তিনি। প্রশাসন ও পুলিশের ভেতরে শেখ হাসিনার অনুসারীরা এখনও সক্রিয় বলেও অভিযোগ করেন বিএনপির এই নেতা।

তিনি বলেন, তারেক রহমানের সরকার গুম, খুন বা ক্রসফায়ারের পথে যাচ্ছে না। দেশে স্থিতিশীলতা, আইনের শাসন ও গণতান্ত্রিক পরিবেশ প্রতিষ্ঠায় কাজ করছে।

স্মরণসভায় তরিকুল ইসলামের রাজনৈতিক জীবনের স্মৃতিচারণা করে রিজভী তাঁকে একজন পূর্ণাঙ্গ রাজনীতিবিদ হিসেবে উল্লেখ করেন। জেলা বিএনপির সভাপতি অ্যাডভোকেট সৈয়দ সাবেরুল হক সাবুর সভাপতিত্বে সভায় প্রতিমন্ত্রী শেখ ফরিদুল ইসলাম, বিএনপি, জামায়াত, এনসিপিসহ বিভিন্ন রাজনৈতিক ও সামাজিক সংগঠনের নেতারা বক্তব্য দেন।